**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 06.06.2024** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) অষ্টাদশ লোকসভা নির্বাচন শেষ হওয়ার পর এখন চলেছে সরকার গঠনের তৎপরতা।

আদর্শ আচরণ বিধি প্রত্যাহার করে নেওয়া হয়েছে।

২) রাজ্যে, বিভিন্ন জেলা থেকে আজও ভোট পরবর্তী হিংসার খবর মিলেছে।

বিজেপি, অশান্তির জন্য তৃণমূল কংগ্রেসকে দায়ী এবং তা রুখতে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করেছে।

এদিকে তৃণমূল কংগ্রেসের পাল্টা দাবি, বিজেপি নিজেদের সাংগঠনিক ব্যর্থতা ঢাকতেই তাদের বিরুদ্ধে এধরনের অভিযোগ করছে।

৩) রাজ্যে এবছরের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফল আজ প্রকাশিত হয়েছে। পাশের হার ৯৯ দশমিক ৫/৩ শতাংশ। প্রথম হয়েছেন বাঁকুড়া জেলা স্কুলের ছাত্র কিংশুক পাত্র।

৪) শিয়ালদা স্টেশনে এক থেকে পাঁচ নম্বর প্ল্যাটফর্মের সংস্কারের জন্য আজ মধ্যরাত থেকে রবিবার পর্যন্ত ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হবে।

৫) ফুটবল তারকা সুনীল ছেত্রী আজ যুবভারতী ক্রীড়াঙ্গনে ভারতের হয়ে শেষ ম্যাচ খেলতে নেমেছেন।

---

অষ্টাদশ লোকসভা নির্বাচন পর্ব শেষে দিল্লিতে এখন বিজেপি সহ NDA–র শরিক দলগুলির মধ্যে সরকার গঠনের জন্য তৎপরতা তুঙ্গে।

বিজেপির সর্বভারতীয় সভাপতি JP নাড্ডা আজ নতুন দিল্লিতে কেন্দ্রীয় মন্ত্রী এবং দলের বরিষ্ঠ নেতাদের সঙ্গে বৈঠকে করেন। শ্রী নাড্ডার বাসভবনে ওই বৈঠকে উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ, রাজনাথ সিং, পীযূষ গোয়েল, প্রহ্লাদ যোশী, মনসুখ মান্ডবিয়া, অশ্বিনী বৈষ্ণো, দলের জাতীয় সাধারণ সম্পাদক তরুণ চুঘ প্রমুখ। JDU-এর একাধিক নেতা আজ নতুন দিল্লিতে দলের সভাপতি নীতিশ কুমারের বাসভবনে বৈঠকে বসেন।

উল্লেখ্য, নতুন দিল্লিতে আগামীকাল NDA সংসদীয় দলের বৈঠক হওয়ার কথা। বিজেপি, TDP, JDU, LJP-রামবিলাস, শিবসেনার শিন্ডে গোষ্ঠী, JDS এবং NDA-এর অন্যান্য শরিক দলগুলির নবনির্বাচিত সাংসদরা এই বৈঠকে উপস্থিত থাকবেন।

এদিকে, বিরোধী শিবির'ও ব্যস্ত পরবর্তী রণকৌশল সাজাতে INDIA-এর নেতৃবৃন্দের সঙ্গে বৈঠকের পর সকালে সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদবের বাড়িতে যান তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি। সঙ্গে ছিলেন দলের রাজ্যসভার সাংসদ তথা জাতীয় মুখপাত্র ডেরেক ও'ব্রায়ান।

--------------------

অষ্টাদশ লোকসভা নির্বাচন এবং কয়েকটি রাজ্য বিধানসভা নির্বাচন ও উপনির্বাচনে ভোটগ্রহণ ও গণনা পর্ব শেষে আদর্শ আচরণ বিধি প্রত্যাহার করে নেওয়া হল। অবিলম্বেই তা কার্যকর হয়েছে। নির্বাচন কমিশনের পক্ষ থেকে আজ এই মর্মে ক্যাবিনেট সচিব, সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্যসচিব এবং মুখ্যনির্বাচনী আধিকারিকদের এক নির্দেশিকা পাঠানো হয়েছে। এতে বলা হয়েছে, নির্বাচন ঘোষণার দিন থেকেই সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে যে আদর্শ আচরণ বিধি বলবত্‍ করা হয়েছিল, তা সর্বত্রই তুলে নেওয়া হল। শুধুমাত্র কর্ণাটক, মহারাষ্ট্র ও তেলেঙ্গানার কিছু অংশে বিধান পরিষদে দ্বিবার্ষিক বা উপনির্বাচনের জন্য এই আদর্শ আচরণ বিধি বলবত্‍ থাকবে।

---------------------

সদ্য সমাপ্ত লোকসভা নির্বাচনে রাজ্যের ২৯৪ টি বিধানসভা কেন্দ্রের ফলাফল বিশ্লেষন করে দেখা গেছে, গত নির্বাচনের তুলনায় শাসক তৃনমূল কংগ্রেসের সঙ্গে বিরোধী বিজেপির ব্যবধান বেড়েছে। নির্বাচন কমিশনের দেওয়া তথ্য অনুযায়ী এইবারের নির্বাচনে ১৯২টি আসনে তৃনমূল কংগ্রেস, ৯০টি তে বিজেপি, কংগ্রেস এগারোটি ও সিপিএম একটি আসনে এগিয়ে রয়েছে। উল্লেখ্য গত লোকসভা নির্বাচনে তৃনমূল ১৬৪টি, বিজেপি ১২১টি এবং কংগ্রেস ৯টি বিধানসভা আসনে এগিয়ে ছিল।

---------------------

এবারের লোকসভা নির্বাচনে রাজ্যে বামেরা যে ৩০টি আসনে প্রার্থী দিয়েছিল, তার মধ্যে ২৮ জনেরই জামানত বাজেয়াপ্ত হয়েছে। শুধু মুর্শিদাবাদে মহম্মদ সেলিম ও দমদমে সুজন চক্রবর্তী জামানত রক্ষা করতে পেরেছেন।

উল্লেখ্য, প্রদত্ত ভোটের নূন্যতম ১৬ দশমিক ৬/৬ শতাংশ ভোট পেলে জামানত রক্ষা হয়।

---------------------

রাজ্যে, বিভিন্ন জেলা থেকে আজও ভোট পরবর্তী হিংসার খবর মিলেছে।

**কোচবিহারে,** বিশ্ব সিংহ রোডে গতরাতে স্থানীয় এক বিজেপি কর্মীর দোকান ভাঙচুর চালানোর অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে।

অন্যদিকে কোচবিহার দক্ষিণ বিধানসভার ঘুঘুমারি নলগ্রাম এলাকায় এক বিজেপি কর্মীর বাড়িতে অগ্নিসংযোগের ঘটনায় তৃণমূলের নাম জড়িয়েছে,। সেই কর্মীর মাকেও মারধর করা হয়। বর্তমানে তিনি মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন।

এছাড়া জেলার বিভিন্ন প্রান্ত থেকে ও আক্রান্ত বিজেপি কর্মীরা পার্টি অফিসে আশ্রয় নিতে শুরু করেছেন। পুরো ঘটনায় তৃণমূলের বিরুদ্ধে সন্ত্রাসের অভিযোগ তুলে

সরব হয়েছে বিজেপি। শাসক দল অবশ্য সব অভিযোগ অস্বীকার করেছে। তাদের দাবি জেলায় কোথাও সন্ত্রাস নেই। বিজেপির বিরুদ্ধে তাঁরা পাল্টা, তৃণমূল কর্মীদের ওপর হামলার অভিযোগ তুলেছে।

এদিকে, উত্তর দিনাজপুরের চোপড়ার ডাঙ্গিবাড়ি এলাকায় তৃণূল কংগ্রেস কর্মীদের মারধর করে মাথা ফাটিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে বিজেপির বিরুদ্ধে। কালাগঞ্জ থেকে ঐ কর্মীরা বাড়ি ফেরার পথে বিজেপি কর্মী সমর্থকরা লাঠি সোটা নিয়ে তাদের বেধরক মারধর করে বলে অভিযোগ। এই ঘটনায় বেশ করয়েকজন আহত হন। এদের মধ্যে ২ জনরকে ইসলামপুর মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ গিয়ে পরিস্থিত নিয়ন্ত্রণে আনে। জেলা বিজেপি অবশ্য অভিযোগ ভিত্তিহীন বলে দাবি করে, তাদের দলের কর্মীদের ওপর পাল্টা মারধরের অভিযোগ করেছে।

পূর্ব বর্ধমানের কেতুগ্রামে হাটুমুড়ে আজ বোমা বিস্ফোরণে এক সিপিআইএম কর্মীর বাড়ির শৌচালয়ের ছাদ ও পাঁচিল ভেঙে পড়লে উত্তেজনা ছড়ায়। পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী একাধিক জায়গায় তল্লাশি চালায়। তৃণমূল কংগ্রেসের অভিযোগ, শ্যামল ঘোষ নামে ঐ সিপিআইএম কর্মী অশান্তির সৃষ্টির জন্যই বোমা মজুত করেছিল। সিপিআইএম নেতৃত্ব অবশ্য অভিযোগ অস্বীকার করেছে।

DVC মোড়ে বিজেপির রাঢ়বঙ্গ জোনের কার্যালয়ে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা আজ হামলা চালায় বলে অভিযোগ। ইট, লাঠি, রড নিয়ে মদ্যপ অবস্থায় তারা বাইরে দাঁড়িয়ে থাকা কয়েকজনের ওপর চড়াও হয়। মহিলাদের অকথ্য ভাষায় গালিগালাজ করা হয়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌছয় পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী। যদিও সমস্ত অভিযোগ অস্বীকার করেছে শাসক দল।

অন্যদিকে পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে বিজেপি বিধায়কের অফিসের আলমারি ভেঙে ল্যাপটপ ও বেশকিছু গুরুত্বপূর্ণ নথি চুরি যাওয়ার অভিযোগ উঠেছে। এছাড়া চেয়ার

টেবিল ও কার্যালয় ভাঙচুর এবং দলীয় পতাকাও ছিঁরে ফেলে দেওয়া হয় বলে অভিযোগ। এমনকি কার্যালয়ের বাইরে তৃণমূল কংগ্রেসের পতাকাও টাঙিয়ে দেওয়া হয়। শাসকদল আশ্রিত দুষ্কৃতীরাই এই হামলার জন্য দায়ী বলে অভিযোগ করা হলেও তারা তা অস্বীকার করেছে। ঐ বিজেপি বিধায়ক তার গুরুত্বপূর্ণ নথি ফেরত পাওয়া না গেলে মহকুমা শাসকরে কার্যালয়ের সামনে ধর্ণায় বসবেন বলেও জানিয়েছেন।

**দক্ষিণ ২৪ পরগণার** বারুইপুরে বিজেপি পার্টি অফিসে আক্রান্ত কর্মী সমর্থকদের থাকার জন্য শিবির খোলা হয়েছে।

**ক্যানিং-এ** বিজেপি তপশীলি মোর্চা নেতার বাড়িতে হামলার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। যদিও, অভিযোগ অস্বীকার করেছে শাসক দল।

**উত্তর ২৪ পরগণার মিনাখাঁ** বিধানসভা কেন্দ্রের অধীন হাড়োয়ার চৌধুরী চক এলাকায় বিজেপিকে ভোট দিয়েছে এই সন্দেহে তৃণমূল কংগ্রেসের'ই দুটি গোষ্ঠীর মধ্যে গতরাতে সংঘর্ষ বাধে। ঘরবাড়ি ভাঙচুর এবং লুটপাট চালানো হয় বলে অভিযোগ। আতঙ্কে ঘরছাড়া বহু কর্মী সমর্থক।

এদিকে, বিজেপি রাজ্য সভাপতি **সুকান্ত মজুমদার** আজ আক্রান্ত দলীয় কর্মীদের দেখা করতে মিনাখার বামুনপুকুর এলাকায় গেয়ে তৃণমূল কংগ্রেস কর্মীরা তাঁর গাড়ি ঘিরে বিক্ষোভ দেখায় বলে অভিযোগ। গো ব্যাক স্লোগানও দেওয়া হয়। পরে পুলিশ ও কেন্দ্রীয় বাহিনীর তৎপরতায় সুকান্ত বাবুর গাড়ি এলাকা থেকে বের করা হয়। তিনি সেখান থেকে যান ঝিকরা গ্রামে। সেখানে আক্রান্ত বিজেপি কর্মী সমর্থকদের সঙ্গে কথা বলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন সুকান্ত বাবু।

তৃণমূল কংগ্রেস অবশ্য দাবি করেছে, বিজেপি নির্বাচনে হেরে সন্দেশখালির মত মিনাখাঁয় গন্ডগোল করার চেষ্টা করছে। ভোটের আগে ও পরে সেখানে কোনো ঝামেলাই হয়নি।

---------------------

এদিকে, বিজেপি এইসব হিংসাকান্ডের জন্য তৃণমূল কংগ্রেসকেই দায়ী এবং অশান্তি রুখতে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবী করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বলেছেন, তাদের দল মুখ বুজে অত্যাচার সহ্য করবেনা। ন্যায় প্রতিষ্ঠা না হওয়া পর্যন্ত বিজেপি লড়াই চালিয়ে যাবে।

তিনি দাবি করেন, নির্বাচনের দিনগুলিতে শাসকদল আশ্রিত দুষ্কৃতীদের আক্রমন ও পুলিশ প্রশাসনের পক্ষপাতিত্বের কারণে অনেকেই ভোট দিতে পারেননি। ভোটের নামে প্রহসন হয়েছে এবং মানুষের সঠিক মতামত প্রতিফলিত হয়নি। তা সত্ত্বেও ২০২১ সালের বিধানসভা নির্বাচনের তুলনায় এবার বিজেপির ভোটের হার বৃদ্ধি পেয়েছে বলে সুকান্ত বাবু জানান।

বাইট

উল্লেখ্য, লোকসভা নির্বাচনে জয় লাভের জন্য শ্রী মজুমদারকে আজ দলের পক্ষ থেকে সংবর্ধনা দেওয়া হয়।

এদিকে, কেন্দ্রীয় নেতৃত্বের সঙ্গে জরুরি বৈঠকে যোগ দিতে তিনি আজ রাতেই দিল্লি যাচ্ছেন। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকেও ঐ বৈঠকে যোগ দিতে ডাকা হয়েছে।

অন্যদিকে, দীর্ঘ নির্বাচন পর্ব শেষ হবার পর মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ সচিবালয় নবান্নে যান। বেশ কিছু গুরুত্বপূর্ন ফাইলে তিনি সই করেছেন বলে জানা গিয়েছে।

অন্যদিকে তৃণমূল কংগ্রেস পাল্টা দাবি করেছে, বিজেপি সাংগঠনিক ব্যর্থতা ঢাকতেই তাদের দলের বিরুদ্ধে এধরনের অভিযোগ করছে। দলের নেতা কুনাল ঘোষ আজ সাংবাদিকদের বলেন, এইসব অভিযোগের কোনো সারবত্তা নেই। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, রাজ্যপাল CV আনন্দ বোসকে হিংসা কবলিত বিভিন্ন এলাকা

পরিদর্শনের যে চিঠি দিয়েছেন, তারও তিনি সমালোচনা করেন। তার দাবি, রাজ্যপাল মানুষের রায় দেখতে পাচ্ছেন।

---------------------

রাজ্যে এবছরের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফল আজ প্রকাশিত হয়েছে। রাজ্য জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন (WBJEE) বোর্ডের সভাপতি অধ্যাপক, মলয়েন্দু সাহা আজ দুপুরে এক সাংবাদিক সম্মেলনে এই ফল ঘোষণা করে জানান, পাশের হার এবার ৯৯ দশমিক ৫/৩ শতাংশ। এক লক্ষ ১৩ হাজার ৪৯২ জন পরীক্ষার্থীর মধ্যে পাশে করেছেন এক লক্ষ ১২ হাজার ৯৬৩ জন। প্রথম হয়েছেন বাঁকুড়া জেলা স্কুলের ছাত্র কিংশুক পাত্র। দ্বিতীয় কল্যাণী ইউনিভার্সিটি এক্সপেরিমেন্টাল হাইস্কুলের ছাত্র শুভ্রদীপ পাল এবং কৃষ্ণনগরের বিশপ মোড়ো স্কুলের ছাত্র বিবশ্বান বিশ্বাস হয়েছেন তৃতীয়। কলকাতার সাউথ পয়েন্ট হাইস্কুলের ছাত্র ময়ুখ চৌধুরী রয়েছেন, মেধা তালিকার পঞ্চম স্থানে।

বাঁকুড়া শহরের ইন্দ্রপ্রস্থ এলাকার বাসিন্দা কিংশুক, এবার উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৪৭৭ নম্বর পেলেও মেধা তালিকায় স্থান পায়নি। জয়েন্টে শীর্ষ স্থান দখল করার পর তার সেই খেদ মিটলো। আমাদের সংবাদদাতাকে তিনি জালানেন,

বাইট

---------------------

১২ বগির ইএমইউ লোকাল চলাচলের সুবিধার জন্য শিয়ালদা স্টেশনে এক থেকে পাঁচ নম্বর প্ল্যাটফর্মের সংস্কারের জন্য দ্বিতীয় পর্যায়ে ওভারহেড ও পয়েন্ট সহ বিভিন্ন কাজ শুরু হতে চলেছে। এরই অঙ্গ হিসাবে প্রি-নন ইন্টারলকিং  এবং নন ইন্টারলকিং-এর জন্য আজ মধ্য রাত থেকে রবিবার পর্যন্ত ওই পাঁচটি প্ল্যাটফর্মে ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হবে।

পূর্ব রেল সূত্রে জানা গেছে, ঐ সময়ে বেশকিছু লোকাল দমদম জংশন ও দমদম ক্যান্টনমেন্ট স্টেশনে যাত্রা শুরু ও শেষ করবে। এছাড়া আরও কয়েকটি ট্রেন বাতিল বা অন্য পথে ঘুরিয়ে দেওয়া হচ্ছে।

--------------------

ফুটবল তারকা সুনীল ছেত্রী আজ ভারতের হয়ে শেষ ম্যাচ খেলতে নেমেছেন সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে। বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বের ঐ ম্যাচে ভারত, কুয়েতের মুখোমুখি। বিরতিতে খেলা গোলশূন্য। এই ম্যাচকে ঘিরে কলকাতার ফুটবল সমর্থকদের মধ্যে উন্মাদনা তুঙ্গে।

আমাদের ক্রীড়া প্রতিনিধির একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, সুনীল ছেত্রীকে শুভেচ্ছা জানিয়েছেন।

-------------------- --------------------